গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৫- ৫৮৭ তারিখঃ ০৬.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ সৈয়দা শরীফা মেরী (৩১৭৪৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, জেনারেল হাসপাতাল, টাংগাইল গত ২০.১০.২০১০খ্রিঃ তারিখ হতে ১৯.০১.২০১৫খ্রিঃ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ১০.০৩.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৫-১৫২নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৭.০৪.২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য অধিদপ্তরের ২০.১০.২০১০ তারিখের ২৫৫৫৪৭নং প্রজ্ঞাপনে ডাঃ সৈয়দা শরীফা মেরী (৩১৭৪৫)-কে আবাসিক সার্জন হিসেবে জেনারেল হাসপাতাল, টাংগাইলে বদলি/পদায়ন করা হলে তিনি পদায়নকৃত কর্মস্থলে যোগদান করেননি। তিনি অসুস্থতার কারণ দেখিয়ে বদলিকৃত কর্মস্থলে যোগদানে বিরত থাকেন। ২০০৭ সালে তাঁর Angioplasty with stenting in the left main coronary artery সম্পন্ন হলেও তিনি তাঁর অসুস্থতার বিষয়টি যথাযথ কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত করেননি এবং অসুস্থতাজনিত কারণে কর্তৃপক্ষের নিকট কোন ছুটির আবেদনও করেননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ সৈয়দা শরীফা মেরী (৩১৭৪৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, জেনারেল হাসপাতাল, টাংগাইল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে আগামী ০১(এক) বছরের জন্য তাকে বর্তমানে প্রাপ্য তাঁর বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিত করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তাঁর ২০.১০.২০১০খ্রিঃ তারিখ হতে ১৯.০১.২০১৫খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪(চার) বছর ০৩(তিন) মাস ১৪(চৌদ্দ) দিন পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ হিসেবে ছুটি মঞ্জুর করা হলো।

০৬।০৯।১৫
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৫- ৫৮৭/১(১১) তারিখঃ ০৬.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ</u>

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিভিল সার্জন, টাংগাইল।
৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, টাংগাইল।
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। ডাঃ সৈয়দা শরীফা মেরী (৩১৭৪৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, জেনারেল হাসপাতাল, টাংগাইল।

০৬।০৯।২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৪০/১৯৯৮(অংশ)- ৫৮৮ তারিখঃ ২৬.০৫.১৪২২ / ০৯.০৯.২০১৫

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ এনামুল হক (৩৫৩৪২), প্রাক্তন প্রভাষক, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ০২.০৫.২০০৪ তারিখে স্বাপকম/শৃংখলা-১/১-৪০/৯৮(অংশ)-৩৮৫নং স্মারকে তার বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ মোঃ এনামুল হক (৩৫৩৪২)-কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩১.০১.২০০৬ তারিখের শৃংখলা-১/১-৪০/১৯৯৮(অংশ)-৭৬নং আদেশে সরকারী চাকুরি হতে বরখাস্ত করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ এনামুল হক (৩৫৩৪২) তাঁর বরখাস্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার আদালতে এটি-৭৯/২০০৬ মামলা দায়ের করেন;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার বিজ্ঞ বিচারক ১৩.০৫.২০১০ তারিখের রায়ে এর মন্ত্রণালয়ের ৩১.০১.২০০৬ তারিখের আদেশ বাতিল করতঃ ডাঃ মোঃ এনামুল হক (৩৫৩৪২)-কে চাকুরিতে পুনর্বহালের আদেশ এবং তাঁর অনুপস্থিতকালীন সময়কে চাকুরী হিসেবে গণ্য করতঃ বকেয়া বেতন-ভাতাদিসহ যাবতীয় সুযোগ সুবিধা প্রদানের আদেশ প্রদান করেন;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার বিজ্ঞ বিচারকের ১৩.০৫.২০১০ তারিখের আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপীল ট্রাইবুন্যাল, ঢাকায় ১৩০/২০১১নং আপীল মামলা দায়ের করা হলে প্রশাসনিক আপীল ট্রাইবুন্যাল তার ১৩.১০.২০১১ তারিখের রায়ে সরকারি আপীল খারিজ করেন;

সেহেতু, এক্ষণে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর ১৩.০৫.২০১০ তারিখের রায় এবং বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের ১৩.১০.২০১১ তারিখের রায়ের পরিপ্রেক্ষিতে ডাঃ মোঃ এনামুল হক (৩৫৩৪২), প্রভাষক, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী-কে তাঁর বরখাস্তের তারিখ ৩১.০১.২০০৬ হতে চাকুরিতে পুনর্বহাল করা হলো। বিজ্ঞ আদালতের নির্দেশ মোতাবেক তাঁর অনুপস্থিতকালীন সময়কে চাকুরি হিসেবে গণ্য করা হল এবং তিনি বকেয়া বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৪০/১৯৯৮(অংশ)-৫৮৮/১(১১) তারিখঃ ২৬.০৫.১৪২২ / ০৯.০৯.২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
৫। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
১১। ডাঃ মোঃ এনামুল হক (৩৫৩৪২), প্রভাষক, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোঃ সলেমান মন্ডল, গ্রাম-বসন্তপুর, ডাকঘর-চাঁপুর, থানা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ)।

০৯/০৯/২০১৫

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14-15)\Order (NI)\Re-ins in service.doc